

The Bangladesh Awami League, Australia Inc

14 Miles St. Mascot, NSW 2020

প্রেস বিজ্ঞপ্তি

গত ২৪/৭/০৫ বাংলাদেশ আওয়ামী লীগ, অস্ট্রেলিয়া শাখার কার্যকরী কমিটির এক সভা 14 Miles St. Mascot এ অনুষ্ঠিত হয়। কমিটির সভাপতি জনাব নুরুল আজাদ এর অসুস্থতার কারণে সংবিধান অনুযায়ী সংগঠনের সহ সভাপতি জনাব গাওসুল আলম শাহাজাদা সভায় সভাপতিত্ব করেন। সভায় আগামী ২৭শে আগষ্ট ডেইসিভিল পুলিশ সিটিজেন ক্লাবে জাতীয় শোক দিবস অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতা মোঃ নাসিমকে আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়। অনুষ্ঠানকে সার্বিক ভাবে সফল করার জন্য বিভিন্ন উপ কমিটি গঠন করা সহ ব্যাপক কর্মসূচী গ্রহণ করা হয়েছে। সংগঠনের বর্তমান সভাপতি জনাব নুরুল আজাদ বোটানি মাইগ্রেন্ট রিসোর্স সেন্টারে অনুষ্ঠিত গত কার্যকরী সভায় ও কর্মী সভায় আগামী সেপ্টেম্বর - অক্টোবর এর মধ্যে বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখার বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন দেয়ার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। আগামী ২রা অক্টোবর ২০০৫ পুলিশ সিটিজেন ইয়ুথ ক্লাবে সম্মেলন ও নির্বাচনের তারিখ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এ ব্যাপারে জনাব গামা আব্দুল কাদিরকে অহ্বায়ক করে ২৩ সদস্য বিশিষ্ট একটি সম্মেলন প্রস্তুত কমিটি গঠন করা হয়। নতুন সদস্যপদ গ্রহণের শেষ তারিখ ৩০শে আগষ্ট ধার্য করা হয়েছে।

সাক্ষর

সহ সভাপতি

সাক্ষর

সাধারণ সম্পাদক